

## উপজেলা পরিষদ আইন-শৃঙ্খলা কমিটি

সভাপতি : জনাব এস এম সেলিম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালখালী, চট্টগ্রাম  
সভার তারিখ ও সময় : ০৩ নভেম্বর, ২০২১খ্রি.  
সভার স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, বোয়ালখালী  
সভায় উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকল সদস্যকে সভার শুরুতে স্বাগত জানিয়ে সভা পরিচালনার জন্য উপজেলা অফিসার ইন চার্জ, বোয়ালখালীকে অনুরোধ জানান। তিনি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর অধ্যকার সভার আলোচ্য সূচীর উপর বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
অফিসার ইন চার্জ, বোয়ালখালী থানা উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি বলেন, সকল বক্তার বক্তব্য পর্যালোচনা করলে দেখা যায়, বোয়ালখালী উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সার্বিক ভাবে ভাল রয়েছে। আজকের সভায় মাদক, ইয়াবা ও যানজট বিষয়ে যে সমস্যাগুলো চিহ্নিত হয়েছে তা প্রতিরোধে তাদের কার্যক্রম অব্যাহত রয়েছে বলে জানান। শ্রীপুর-খরণদ্বীপ ও চরণদ্বীপ ইউপি সহ যে সকল এলাকায় সন্ত্রাসীদের তৎপরতা লক্ষ্য করা যাচ্ছে তা কঠোর হস্তে দমন করার কথা সভাকে জানান। বোয়ালখালী থানাকে সম্পূর্ণ ভাবে দালাল মুক্ত করা হয়েছে জানিয়ে এ বিষয়ে রাজনৈতিক নেতৃবৃন্দ সহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। বোয়ালখালী উপজেলাকে মাদক নির্মূলে মাননীয় এমপি মহোদয়ের সাথে ওয়াদাবদ্ধ জানিয়ে এক্ষেত্রে থানায় সকল কর্মকর্তাদের জিরো টলারেন্স নীতি অনুসরণের নির্দেশনা দেয়া হয়েছে জানিয়ে সংশ্লিষ্ট সকলকে তথ্য দিয়ে সহযোগিতা করার অনুরোধ জানান। এছাড়া আইন-শৃঙ্খলা রক্ষায় সকলের সহযোগিতা কামনা করে বক্তব্য শেষ করেন।	মাদক বিরোধী অভিযান অব্যাহত রাখা এবং মাদকের ভয়াবহতা সম্পর্কে গণসচেতনতা বৃদ্ধির কার্যক্রমের সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইন চার্জ বোয়ালখালী থানা

অতঃপর সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


  
এস এম সেলিম

সভাপতি

ও

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ  
বোয়ালখালী, চট্টগ্রাম।

তারিখ : ০৩.১১.২০২১খ্রি.

স্মারক নং : বোয়াল/থানা/২১- 


অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে।

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালখালী, চট্টগ্রাম
২. উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালখালী, চট্টগ্রাম।
৩. অফিস কপি

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

জনাব.....

বোয়ালখালী, চট্টগ্রাম।

  
অফিসার ইন চার্জ  
বোয়ালখালী থানা